

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা প্রকৌশলীর কার্যালয়
নাগেশ্বরী, কুড়িগ্রাম।

স্মারক নং- ৪৫৩

তারিখ : ০৮ ডিসেম্বর ২০২১ খ্রিষ্টাব্দ।

স্থায়ী কমিটির সভার নোটিশ :

এতদ্বারা অত্র উপজেলার যোগাযোগ ও ভৌত অবকাঠামো বিষয়ক স্থায়ী কমিটির সম্মানিত সদস্যবৃন্দকে জানানো যাচ্ছে যে, অত্র কমিটির দ্বিমাসিক সভা আগামী ১৫ ডিসেম্বর ২০২১ খ্রিষ্টাব্দ তারিখ সময়ঃ বিকাল ০৩.০০ ঘটিকায় উপজেলা পরিষদ সভাকক্ষে জনাব মোছাঃ আমিনা বেগম, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান এর সভাপতিত্বে অনুষ্ঠিত হবে।

আপনাকে উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।


আলোচ্য বিষয় :

- ১। গত সভার মন্তব্য পাঠ ও অনুমোদন।
- ২। অর্থ সংক্রান্ত।
- ৩। উন্নয়ন মূলক।
- ৪। অপারেশনাল।
- ৫। বিবিধ।

প্রাপক

জনাব.....

নাগেশ্বরী, কুড়িগ্রাম।



(মোঃ বাদশা আলমগীর)

সদস্য সচিব

উপজেলা যোগাযোগ ও ভৌত অবকাঠামো বিষয়ক কমিটি
ও

উপজেলা প্রকৌশলী
নাগেশ্বরী, কুড়িগ্রাম।

স্মারক নং-উপ্রঅ/নাগ/কুড়ি/২০২১/

তারিখ :

সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ

- ১। চেয়ারম্যান উপজেলা পরিষদ, নাগেশ্বরী, কুড়িগ্রাম।
- ২। উপজেলা নিবাহী অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম।
- ৩। অফিস কপি।

স্বাক্ষর

(মোঃ বাদশা আলমগীর)

সদস্য সচিব





উপজেলা যোগাযোগ ও ভৌত অবকাঠামো বিষয়ক কমিটি
ও

উপজেলা প্রকৌশলী
নাগেশ্বরী, কুড়িগ্রাম।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা প্রকৌশলীর কার্যালয়
নাগেশ্বরী, কুড়িগ্রাম।

- বিষয় : উপজেলা যোগাযোগ ও ভৌত অবকাঠামো বিষয়ক কমিটির সভার কার্যবিবরণী।
সভাপতি : মোছাঃ আমিনা বেগম, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নাগেশ্বরী।
তারিখ : ১৫ ডিসেম্বর ২০২১ খ্রিঃ,
সময় : বিকাল ০৩.০০ টা
স্থান : উপজেলা প্রকৌশলীর কার্যালয়, নাগেশ্বরী, কুড়িগ্রাম।

উপস্থিতি স্বাক্ষর :

ক্রঃ নং	নাম	পদবী	স্বাক্ষর	মন্তব্য
১	মোছাঃ আমিনা বেগম, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নাগেশ্বরী কুড়িগ্রাম।	সভাপতি	 ১০/১২/২১	
২	চেয়ারম্যান, রামখানা ইউপি, নাগেশ্বরী কুড়িগ্রাম।	সদস্য	 ১০/১২/২১	
৩	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, নাগেশ্বরী কুড়িগ্রাম	সদস্য		
৪	উপজেলা প্রকৌশলী নাগেশ্বরী, কুড়িগ্রাম।	সদস্য সচিব	 ১০/১২/২১	

আলোচ্য বিষয় :

- ১। গত সভার মন্তব্য পাঠ ও অনুমোদন।
- ২। অর্থ সংক্রান্ত।
- ৩। উন্নয়ন মূলক।
- ৪। অপারেশনাল।
- ৫। বিবিধ।

আলোচনা ও সিদ্ধান্ত :-

১ নং বিষয়ে আলোচনা শুরু হলে উপজেলা প্রকৌশলী গত সভার কার্যবিবরণী পাঠ করেন এবং অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন।


সিদ্ধান্ত : গত সভার কার্যবিবরণীর উপর বিস্তারিত আলোচনাস্তে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়।

২ নং আলোচনা শুরু হলে উপজেলা প্রকৌশলী তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক চলছে। তিনি বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান, জনগুরুত্বপূর্ণ স্থানে ওয়াসব্লক নির্মাণ কার্যক্রম সমাপ্ত হয়েছে। এ উপজেলার বিভিন্ন ইউনিয়নে জনগুরুত্বপূর্ণ রাস্তাঘাট, ব্রীজ, কালাভাট নির্মাণ কাজ চলমান রয়েছে। তিনি সংশ্লিষ্ট সকলকে এ বিষয়ে তদারকি করার অনুরোধ করেন।

৩ নং বিষয়ে আলোচনা শুরু হলে তিনি জানান যে, আগামী অর্থ বছরে নির্মাণ/মেরামতযোগ্য জনগুরুত্বপূর্ণ বিবেচনায় অগ্রাধিকার ভিত্তিতে প্রকল্প গ্রহণে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। অতপর সকলকে ধন্যবাদ জানিয়ে তার বক্তব্য সমাপ্ত করেন।

৪ নং বিষয়ে আলোচনা শুরু হলে চেয়ারম্যান, রামখানা ইউপি জানান যে, যোগাযোগ ও ভৌত অবকাঠামো কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়নে জনপ্রতিধিগণের প্রতক্ষ্য সম্পৃক্ততা রাখা আবশ্যিক। তাই ভবিষ্যতে নতুন সকল উন্নয়নমূলক প্রকল্পে জনপ্রতিধিগণকে সম্পৃক্ত রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান।

৫ নং বিবিধ বিষয়ে অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্য সমাপ্তি ঘোষণা করেন।



(মোছাঃ আমিনা বেগম)

মহিলা ভাইস চেয়ারম্যান,
উপজেলা পরিষদ, নাগেশ্বরী কুড়িগ্রাম।